**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING/ MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**14 AUGUST 2025** **7:35AM IST**

==========================================================================

দেশের ৭৯তম স্বাধীনতা দিবসের প্রাক সন্ধ্যায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ রাত সাতটায় জাতীয় উদ্দেশ্যে ভাষন দেবেন । রাষ্ট্রপতির ভাষন প্রথমে হিন্দীতে এবং পরে ইংরেজীতে রাত সাতটা থেকে প্রচার করা হবে । রাষ্ট্রপতির জাতির উদ্দেশ্যে ভাষনের পরিপ্রেক্ষিতে আমাদের কেন্দ্রের আঞ্চলিক সংবাদ রাত ৭টা ৪৫ মিনিটের পরিবর্তে রাত ৮টা ৩০ মিনিটে প্রচার করা হবে ।

---

রাজ্যে ক্যান্সার প্রতিষ্ঠানে রোগী ভর্তি হওয়ার সময় ১০ হাজার টাকা অগ্রীম জমা করার বিষয় নিয়ে কিছু ভুল বোঝাবুঝি হয়েছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা স্পষ্ট করে দিয়েছেন । গতকাল কোকরাঝার জেলায় বিজেপির বিজয় সংকল্প সমাবেশে অংশগ্রহণ করার পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মূখ্যমন্ত্রী জানান যে জনসাধরণকে বর্ধিত কোন মাশুল দিতে হবে না । আয়ুষ্মান ভারত এবং আয়ুষ্মান আসাম কার্ডে সরকার এই অর্থ জমা দেবে ।

---

সাংসদ পরিমল শুক্লবৈদ্য গতকাল শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালে রাজ্যের তৃতীয় হিমোগ্লোবিনোপ্যাথি ও হিমোফিলিয়া চিকিৎসা কেন্দ্রের উদ্বোধন করেছেন । মেডিকেল কলেজের অ্যালুমনি হলে আয়োজিত এক অনুষ্ঠানে ইন্টিগ্রেটেড সেন্টার ফর হিমোগ্লোবিনোপ্যাথি এন্ড হিমোফিলিয়া'র আনুষ্ঠানিক উদ্বোধন করে সাংসদ শ্রী শুক্লবৈদ্য বলেন বরাক উপত্যকায় রক্তজনিত জটিল রোগের চিকিৎসার ক্ষেত্রে এই বিশেষ কেন্দ্রটি চালু হওয়ার ফলে হিমোগ্লোবিনোপ্যাথি ও হিমোফিলিয়ায় আক্রান্ত রোগীরা উন্নতমানের চিকিৎসা পরিষেবা ও আধুনিক পরীক্ষা-নিরিক্ষার সুবিধা পাবেন । সাংসদ শ্রী সুক্লবৈদ্য আরো জানান--

বাইট

অনুষ্ঠানে শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালের অধ্যক্ষ ডাঃ ভাস্কর গুপ্ত সহ বিশিষ্ট চিকিৎসক এবং ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন ।

---

শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালের ডায়ালাইসিস সেন্টারে সাম্প্রতিক ভাংচূরের ঘটনার পর কিছু মেশিনের মেরামতি করে গতকাল থেকে আংশিক পরিষেবা পুনরায় শুরু হয়েছে । শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতাল পরিচালন সমিতির সভাপতি তথা সাংসদ পরিমল শুক্লবৈদ্য গতকাল মেডিকেল কলেজের অধ্যক্ষ ডক্টর ভাস্কর গুপ্তকে সঙ্গে নিয়ে ক্ষতিগ্রস্ত যন্ত্রপাতি সরজমিনে খতিয়ে দেখেন এবং দ্রুত ডায়ালাইসিস পরিষেবা স্বাভাবিক করার বিষয় নিয়ে আলোচনা করেন ।

---

দেশের বিভিন্ন প্রান্তে বাংলা ভাষায় কথা বলা লোকেদের বাংলাদেশী তকমা লাগিয়ে দেওয়া হচ্ছে বলে অভিযোগ করে এর প্রতিবাদে গতকাল বরাক

উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন উপত্যকার তিন প্রধান শহর- শিলচর, শ্রীভূমি ও হাইলাকান্দিতে অবস্থান কর্মসূচী পালন করেছে । শিলচর ক্ষুদিরাম মূর্তির পাদদেশে আয়োজিত অবস্থান কর্মসূচীতে বিভিন্ন বক্তা বাঙালির আত্মমর্যাদার সপক্ষে জোরালো বক্তব্য রাখেন । তাদের দাবীগুলির মধ্যে রয়েছে- সমস্ত সরকারী-বেসরকারী স্তরে বাংলা ভাষার অবমাননা বন্ধ করা, বাঙালিদের বিরুদ্ধে বিদ্বেষমূলক প্রচার ও তাদের হেনস্থা করা বন্ধ করা, বাংলাভাষী ছাত্র-যুব-শ্রমজীবি, শিক্ষক, চাকরিজীবি ও সাধারণ নাগরিকের নিরাপত্তা ও তাদের সাংবিধানিক অধিকার অক্ষুণ্ন রাখা ইত্যাদি । এই বিষয়ে সম্মেলনের কেন্দ্রীয় সমিতির সাধারণ সম্পাদক গৌতম প্রসাদ দত্ত বলেন--

বাইট

এদিকে শ্রীভূমি শহরের শম্ভুসাগর পার্ক ও হাইলাকান্দির ভাষা শহীদ স্মারক প্রাঙ্গনেও সম্মেলনের পক্ষ থেকে অবস্থান কার্যসূচী পালন করা হয় ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে জেলায় এইডস রোড প্রতিরোধ সর্ম্পকে জনসচেতনতা বাড়াতে একটি প্রচার অভিযানের উদ্বোধন করা হয়েছে । জেলা আয়ুক্ত অভিষেক জৈন গতকাল হাইলাকান্দির এস এস কলেজের প্রেক্ষাগৃহে এই প্রচার অভিযানের সূচনা করেন । এ উপলক্ষ্যে আয়োজিত সভায় বক্তব্য রাখতে গিয়ে জেলা আয়ুক্ত শ্রীজৈন এইডস সর্ম্পকে জনসচেতনতা বাড়াতে এক একজন ব্যাক্তিকে দূত হিসেবে কাজ করার আহ্বান জানান । সভায় জানানো হয় যে এইডস রোগীদের চিকিৎসার জন্য এস কে রায় সিভিল হাসপাতালে ওপিয়াম সাবস্টিটিউশন থেরাপী নামের চিকিৎসা ব্যবস্থা রয়েছে । সভায় নেশা মুক্তি সর্ম্পকে সমবেত শপথ

গ্রহন করা হয় । সচেতনতা সভার পর এস এস কলেজ প্রাঙ্গন থেকে একটি শোভাযাত্রা বের হয়ে শহর পরিক্রমা করে ।

---

রাজ্যের ধুবড়ী জেলায় গতকাল রাত একটা ১৮ মিনিটে মৃদু ভূমিকম্প অনুভূত হয়েছে । রিক্টার স্কেলে ভূমি কম্প ছিল দুই দশমিক ৮ ।উৎপত্তিস্থল ছিল ধুবড়ী শহর থেকে ১০ কিলোমিটার দূরে ।

---